## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৩৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই পৌষ বুধবার ১৩৫৯ ইংরাজী 31st Dec. 1952 | ৩১শ সংখ্যা






## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস— হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা— ১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৬ই পৌষ বুধবার সন ১৩৫৯ সাল।

## বড়দিন ও বড়দীন

—০—

পাপীর ত্রাণকর্ত্তা যীশুখ্রীষ্টের জন্মদিনকে ইংরাজীতে খ্রীষ্টমাস ডে আর বাংলায় বড়দিন বলে। ইংরাজগণ খ্রীষ্টধর্ম্মাবলম্বী, তাই তাঁদের সময় হইতেই বড়দিন তাঁহাদের পর্ব্বদিন হইলেও কলিকাতা মহানগরীতে এই দিনে সর্ব্ব সম্প্রদায়ভুক্ত জনগণের মধ্যে উৎসাহ ও উৎসব চলিয়া আসিতেছে। গত কয়েক দিন ধরিয়া প্রজাতন্ত্রী রাষ্ট্রের রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদকে লইয়া বিষম হৈ চৈ পড়িয়া গিয়াছে। দেশের শতকরা ১৫ জন অধিবাসী লিখিতে পড়িতে পারে, তাদের মধ্যে ৫ জনও শিক্ষিত বলিলে যাহা বুঝায় তাহা নয়। সত্য কথা বলিতে গেলে এই কয় জনের মধ্যে রাষ্ট্রনায়কদের হাতে যাদের রুজি-রোজগার বা যাহারা ভবিষ্যতে রোজগারের আশা রাখে, তাহারাই এই হৈ চৈ বা হুজুকে মাতিয়াছে। ডাঃ রাজেন্দ্রপ্রসাদ বিহারদেশবাসী হইলেও ছাত্রজীবনে বাঙলার রাজধানী কলিকাতা সহরে শিক্ষালাভ করিবার জন্য অতিবাহিত করিয়াছেন। তাঁহার শিক্ষাদাতা একতম অধ্যাপক এখনও জীবিত, তিনি তাঁহার প্রতিভার ভূয়সী প্রশংসা করিয়াছেন। তাহা ছাড়া কত সভা সমিতির অভ্যর্থনা ও মানপত্র তিনি কুড়াইয়া, শিক্ষাদাত্রী বঙ্গমাতার সম্মান রাখিয়াছেন নানা সভায় বিহারীসুলভ বাঁকা বাঁকা ভাঙ্গা জটিল বাঙলা ভাষায় ভাষণ দিয়া। বঙ্গমাতার বক্ষে যখন ছাত্র রাজেন্দ্র প্রসাদ শিক্ষালাভ করিতেন তখন মা-বাঙলা পূর্ণাঙ্গে বিরাজ করিতেছিলেন। আজ মায়ের একাঙ্গ কর্ত্তিতা হইয়া বিহারের সামিল, অন্য এক বিশাল অঙ্গ পাকিস্থানে সরিয়তী শাসনাধীন। ভাষণে ডাক্তার রাজেন্দ্র প্রসাদ মায়ের এই ছিন্নমস্তা ও ছিন্নচরণা হইবার জন্য একটুও উল্লেখ করেন নাই। বিহারে বাংলার যে অংশ ইংরাজের খেয়ালে বাঙলাভাষাভাষী হইয়া যৎপরোনাস্তি অসুবিধা ভোগ করিতেছে, সেই অংশ পশ্চিম বাঙলাকে ফিরাইয়া দিবার কথায় যে রাজনৈতিক প্যাঁচ প্রকাশ করিয়াছেন, তিনি সর্ব্বভারতীয় রাষ্ট্রপতি হইয়াও, তাঁহার প্রদেশের প্রাদেশিক মনোবৃত্তির একটুও উর্দ্ধে উঠিতে পারেন নাই, তাহা বেশ প্রতীয়মান হইয়াছে। আমরা সাধারণকে এক উদ্ভিদের কৃতজ্ঞতা দেখাইয়া একটি সংস্কৃত শ্লোক উল্লেখ করিতেছি।

প্রথমবয়সি তোয়ং পীতমল্পং স্মরন্তং  
শিরসি নিহিতোভারা নারিকেলী ফলানাং।  
উদকমমৃতকল্পং দদ্যুরাজীবনান্তং  
নহি কৃতমুপকারং সাধবোবিস্মরন্তি॥

শ্লোকটি নারিকেল বৃক্ষ সম্বন্ধে—

প্রথম বয়সে মনুষ্য প্রদত্ত অল্প অল্প জল সে পান করিয়াছে, ইহা স্মরণ করিয়া নারিকেল ফলের ভার মাথায় লইয়া দাঁড়াইয়া থাকে। যতদিন সে বাঁচিয়া থাকে অমৃতের মত জল দান করে। সাধু যাঁহারা তাঁহারা কৃত উপকার কখনও ভুলিয়া যান না।

### বড় দীন

যাঁহারা বড় দীন তাঁহারা বড়দিনের ধার ধারেন না। তাঁহাদের স্থান ঐ শতকরা ১৫ জন বাদে যে ৮৫ জন তাঁদেরই মধ্যে। তাঁহাদের মা বাপ নাম রাখেন যা, তাহাও তাঁহারা ভোগ করিবার অধিকারী নহেন। তাঁহাদের রাম—রামা, লক্ষ্মণ—লখ্না, নগেন্দ্র—নগা, কালিদাস—কেলে ইত্যাদি। তাঁহারা বাল্যে কৃষ্ণ ঠাকুর নন্দালয়ে যাহা করিয়াছিলেন, যৌবনে বলরাম যাহা করিয়াছিলেন তাহাই করেন। নিজের গরুকেও শালার গরু বলিতে ইতস্ততঃ করেন না। ভাষা জানেন, ভাসা জানেন। পুরুষানুক্রমে দুঃখের পাথারে চিরদিন ভাসিতেছেন, তবুও নির্ব্বংশ হন না। ইহারাই দেশের দৈন্য-বিজয়ী সৈন্য। লোকের গ্রাসাচ্ছাদনের ভরসা। ইঁহাদের পর্ব্ব আরম্ভ হয় ১লা জানুয়ারী (জানোয়ারী ?)। সারা বৎসর জানোয়ারের সহিত সমানে খাটিয়া যান। জানু, ভানু, কৃশানু ইহাদের শীত নিবারণ করেন। ইহারা সম্পূর্ণভাবে ঐ ফেরেব্বাবাজ ১৫ জনের ফন্দীর মধ্যে দিন যাপন করেন। ভরসা—ইহারা দেখেন যে বড় বড় বৃক্ষ ঝড়ে পড়িয়া যায়, কিন্তু ক্ষুদ্র তৃণ অক্ষত দেহে বাঁচিয়া থাকে।

—

## মিউনিসিপ্যাল নির্ব্বাচন

আগামী ১১ই জানুয়ারী বাংলা ২৭শে পৌষ রবিবার জঙ্গিপুর মিউনিসিপালিটির ওয়ার্ডসমূহে কমিশনার নির্ব্বাচন হইবে। এখন হইতেই প্রার্থিগণ ভোটারগণের নিকট যাতায়াত সুরু করিয়াছেন।

—

## আবেদন মঞ্জুর

জঙ্গিপুর মিউনিসিপালিটির বিভিন্ন ওয়ার্ডের ১০ জন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল হইয়াছিল। যাঁহারা ম্যাজিষ্ট্রেট মহোদয়ের নিকট ইহার বিরুদ্ধে দরখাস্ত করিয়াছিলেন তাঁহাদের মধ্যে নিম্নের তিন জনের দরখাস্ত মঞ্জুর হইয়াছে।

১। শ্রীগণেশচন্দ্র চট্টোপাধ্যায়।  
২। শ্রীকমলারঞ্জন নাথ।  
৩। শ্রীনলিনাক্ষ বড়াল।

—

## নির্দলীয় পত্রিকার সম্পাদক মণ্ডলীর প্রতি

মাননীয় শিক্ষাবিদ্ মহোদয়গণ! আমরা যে অপরাধ করিয়াছি, তাহার স্বীকারোক্তিসহ বিবরণ গত বার দিয়াছি। যে নির্দলীয় কাগজে আপনারা দেশের কত অভাব অভিযোগ প্রকাশ করিতেছেন, তাহাতে জঙ্গিপুরে দুইখানি দৈনিক পত্র কয়েক দিন ধরিয়া কেন যে বন্ধ হইল তাহার কোন কথা লিখিতে বিরত হইলেন—আপনাদের মণ্ডলীর যিনি মণ্ডলী করেন, তাঁহার কীর্ত্তিকলাপ গোপন করার জন্য নহে কি ? পরিষদ সদস্যের সুপারিশে ডি. পি. এজেন্সি পাওয়া যায়, ইহাই হালে শুনিয়াছি। লেভীর ধরা ধান আপনাদের জানা মুদ্রাকরের নামে মুদ্রা করিবার পন্থারূপে পাওয়া গিয়াছে এই লোভে সংবাদপত্রের এজেন্সি পাইবার লালসায় জনৈক বিখ্যাত সংবাদপত্রের বিখ্যাত সম্পাদকের সুপারিশ লইয়া গিয়াছিলাম। সেখানি আমাদের কাছেই আছে। আমরা তো কোন পরিষদ সদস্যের সাধারণ নির্ব্বাচনে বা কম্পার্টমেণ্টাল নির্ব্বাচনে ভোট ক্যানভাস করিয়া বেড়াই নাই, যে কেহ সুপারিশপত্র দিবে। মণ্ডলীর মণ্ডলী করেন যিনি, তাঁর সৎকর্ম্মের সম্মা-

...নের জন্য ছয় দিন জঙ্গিপুরে যুগান্তর ও অমৃতবাজার পত্রিকা বন্ধ ছিল, তাহা না জানিয়া আমরা লাঞ্ছনা পাইয়া এখনও "বেহায়াকে নাহি লাজ নাহি অপমান। সুজনকে এক কথা মরণ সমান" এই প্রবাদের বিষয় হইয়া বিরাজ করিতেছি। ঐ দুখানি দৈনিকের পাঠক ভদ্র সন্তানগণকে টেলিগ্রামের ভাঁওতা যে সত্যবাদী মহাত্মার বিফল হইয়াছে, ইহাই আমাদের আত্মপ্রসাদ।

---

## জঙ্গিপুর
## কৃষি, শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী

গত বৎসরের ন্যায় এবারও আগামী ২২শে ফেব্রুয়ারী হইতে ২৮শে পর্য্যন্ত রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে কৃষি, শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী হইবে। কবি গান, যাত্রা, থিয়েটার, প্রভৃতি আমোদ প্রমোদের ব্যবস্থা থাকিবে। মহকুমাবাসী প্রত্যেকেরই এ বিষয়ে সহানুভূতি ও সহযোগিতা করা উচিত।

---

## বদলী

জঙ্গিপুরের সুযোগ্য মুন্সেফ শ্রীঅমলকৃষ্ণ দে মহাশয় হুগলী জেলার সদরে বদলী হইয়া গিয়াছেন।

মেদিনীপুর গড়বেতা হইতে শ্রীবিমলেন্দ্রনাথ মৈত্র মহাশয় জঙ্গিপুরের মহকুমা মুন্সেফ হইয়া আসিয়াছেন। আমরা নবাগত মুন্সেফ বাবুকে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি।

---

## শিক্ষক আবশ্যক

জাজিগ্রাম Extended M. E. School এর জন্য একজন অভিজ্ঞ B. Sc., B. T. প্রধান শিক্ষক আবশ্যক। বেতন যোগ্যতানুসারে। নিম্ন ঠিকানায় আবেদন করুন।

শ্রীদুর্গাদাস মুখোপাধ্যায়, সম্পাদক।
পোঃ জাজিগ্রাম, জেলা বীরভূম।

---

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ চাউলপটিতে একটী দ্বিতল বাড়ী ও একটী দোকান ঘর একত্রে বা পৃথকভাবে বিক্রয় হইবে। অনুসন্ধান করুন।

শ্রীলক্ষ্মণচন্দ্র সেন,
রঘুনাথগঞ্জ চাউলপটী।

## নোটিস

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে অত্র জঙ্গীপুর মহকুমার সংশ্লিষ্ট সমস্ত নির্ব্বাচন কেন্দ্রের অর্থাৎ সমস্ত বিধান সভা, লোক সভা এবং পরিষদ সভার ১৯৫২ সালের চূড়ান্ত নির্ব্বাচক তালিকাগুলি গত ১৯৫২ সালের ২২শে ডিসেম্বর তারিখে উক্ত সমস্ত নির্ব্বাচন কেন্দ্রগুলির জন্য নির্ব্বাচিত প্রত্যেক সংশ্লিষ্ট নির্ব্বাচন আধিকারিক (Returning Officer) এর কার্য্যালয়ে (Office), সংশ্লিষ্ট ইউনিয়ন বোর্ড অফিসে, পৌরসভার অফিসে এবং থানা অফিসে লটকাইয়া দেওয়া হইয়াছে এবং আগামী জানুয়ারী মাসের ৫ই তারিখ পর্য্যন্ত লটকান থাকিবে। ইতি ২৭শে ডিসেম্বর, ১৯৫২ সাল।

S. K. Ghose,
Sub-Divisional Officer, Jangipur.

---

## শোকাতুরার বিলাপ!



সব লোক দেখুন—ঐ যে বাবু দাঁড়িয়ে আছেন, উনি আমার বাড়ী ভাড়া নিয়ে একটি পয়সা দেন নি। চিকিৎসার অভাবে বাঁচাতে পারলাম না। ইনিও ভদ্দর লোক! ভগবান তুমি দেখো।"


---

এলোপ্যাথিক ঔষধ
প্রেসক্রিপসনের ও ব্যবস্থা আছে।
এখানে পাইকারী ও খুচরা সর্বপ্রকার ঔষধ সুলভে পাওয়া যায়
ন্যাশনাল মেডিকেল হল
জিয়াগঞ্জ :: মুর্শিদাবাদ

## জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসিতলায় বাড়ী তৈরীর উপযোগী ফাঁকা জায়গা বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীশ্যামাচরণ সরকার,
রঘুনাথগঞ্জ ফাঁসিতলা।




## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

**প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের**

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

**ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের**

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়**

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্‌সেফী আদালত

### নিলামের দিন ১৯শে জানুয়ারী ১৯৫৩

১৯৫২ সালের ডিক্রীজারী

৩৬৯ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং কুলেশচন্দ্র মণ্ডল দিং দাবি ২০৸৶৯ থানা ফরক্কা মৌজে শ্রীমন্তপুর ৬৮ শতকের কাত ১।/৯ আঃ ৫৲ খং ৪০৭ রায়ত স্থিতিবান

৩৭০ থাং ডিঃ ঐ দেং গিরিশচন্দ্র মণ্ডল দিং দাবি ১৮৷৬ মৌজাদি ঐ ৬২ শতকের কাত ১৷/০ আঃ ৬৲ খং ২৪০ রায়ত মোকররী

৩৭৩ থাং ডিঃ ঐ দেং খোকা মণ্ডল দাবি ১৭৸০, মৌজাদি ঐ ২১ শতকের কাত ১৸০ আঃ ৭৲ খং ৯১৯ অধীনস্থ খং ৯২০ রায়ত স্থিতি-বান

৩৭৪ থাং ডিঃ ঐ দেং মহাম্মদ আবুল হায়াত খাঁ চৌধুরী দিং দাবি ২৮৶৯ মৌজাদি ঐ ৮-২৩ শতকের কাত ১১৷/৯ আঃ ১৭৲ খং ১১৩১ অধীনস্থ খং ১১৩২—১১৪২—১১৩৯ (ক) মধ্যস্বত্ব চিরস্থায়ী

৩৭৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬১৩৶৯ থানা ঐ মৌজে বেওয়া ১৯৪-৬২ শতকের কাত ২৯২৸৬ আঃ ৫০০৲ খং ১২৮২ অধীনস্থ খং ১২৮৩—১৩৯০ মধ্য স্বত্ব চিরস্থায়ী

৩৭১ থাং ডিঃ ঐ দেং তেনু সেখ দিং দাবি ১৫৷৶৯ থানা ঐ মৌজে দোহিতপুর ৮০ শতকের কাত ১৷৩ আঃ ৫৲ খং ১৬৬ রায়ত স্থিতিবান

৩৪১ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং গিরিশচন্দ্র মণ্ডল দাবি ২১৶০ থানা ফরক্কা মৌজে বাগদাবড়া ৪৮৪২১২ জমির কাত ২৶০ আঃ ১০৲ খং ২৯

৩৭৭ থাং ডিঃ ছকড়িচন্দ্র চক্রবর্ত্তী দিং দেং আহাম্মদ খাঁ দাবি ৮২৸/৬ থানা ফরক্কা মৌজে দোহিতপুর ২৩ শতকের কাত ৬৪ তোলা ওজনের ১/ মণ ধান্য আঃ ৩৫৲ খং ২৫১

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ১২ই জানুয়ারী ১৯৫৩*

### ১৯৫১ সালের ডিক্রীজারী

৫৮ মনি ডিঃ আচার্য্য চৌধুরী ওয়ার্ডস ষ্টেট পক্ষে কালেক্টর অব মালদহ দেং নেগার বিবি দাবি ১২৯৵৩ থানা স্থতী মৌজে নিজ নারায়ণপুর ১১৸০ বিঘার কাত ১১৸০ টাকা আঃ ১০০৲ খং ১১৪০১/৩৫০ রায়ত স্থিতিবান।

### ১৯৫২ সালের ডিক্রীজারী

৩৭৯ খাং ডিঃ ট্রাষ্টি স্থরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং রুস্তম সেখ দাবি ২৩৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মঙ্গলজন ৪৫ শতকের কাত ৩৸০ আঃ ১০৲ খং ১০৫

৪০৭ খাং ডিঃ ঐ দেং অরুণকুমার দাস নাবালক পক্ষে অলি মাতা ভক্তিভাবিনী দাসী দাবি ৪৩৸৵৩ থানা ঐ মৌজে বৃন্দাবনপুর ২৫ শতকের কাত ৬৲ আঃ ২০৲ খং ১১৮

৫৯০ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দেং গোপাল মণ্ডল দিং দাবি ৪৪৸/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ৮৫ শতকের কাত ৬৷৵০ আঃ ২০৲ খং ৬০

৪৩২ খাং ডিঃ রায় স্থরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং এনাত খাঁ দাবি ১২৸/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ফরক্কা ৪৮ শতকের কাত ৷/০ আঃ ৫৲ খং ৩২৮, ৩৩৯ রায়ত স্থিতিবান।

২৯৬ খাং ডিঃ আবদুল অহেদ মোল্লা দেং আবদুল গোফুর সাহানা দাবি ১৩৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাজিতপুর ১১ শতকের কাত ২॥০ আঃ ৫৲ খং ৩৬১ ৩৬২ রায়ত স্থিতিবান।

৪৩৬ খাং ডিঃ কেনারাম মণ্ডল নাবালক দিং দেং আবসের মণ্ডল দিং দাবি ৩০৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলগাছি ৩৩ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খং ১১৬ কোর্ফা স্বত্ব।

৪৭০ খাং ডিঃ নীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং শৈলবালা সেন দাবি ২১৸৶/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ী ৮৭ শতকের কাত ৪৷৯ আঃ ১০৲ খং ১৬৯

৪৮১ খাং ডিঃ ঐ দেং নকড়ি সাহা দিং দাবি ১৮৸/০ মৌজাদি ঐ ৩৫ শতকের কাত ১৸৶/৬ আঃ ৫৲ খং ১৬৭

৪৮৭ খাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং স্থরেন্দ্রনাথ দাস দাবি ৪৮॥/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেওা জামুয়ার ৯৩ শতকের কাত ৭৵০ আঃ ২৫৲ খং ৪৮১

৪৬০ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং তৌজেমল হোসেন মিঞা দাবি ২৬৷৶/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ইলাসপুর ১-৬৬ শতকের কাত ৬৷৶/৬ আঃ ১৫৲ খং ২৯

৪৬১ খাং ডিঃ ঐ দেং জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দাবি ১৮॥৶/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে মহাম্মদপুর ৮১ শতকের কাত ২৷৶/০ আঃ ৫৲ খং ১২৩

৪৬৩ খাং ডিঃ ঐ দেং কাশীনাথ কৈলঠা নাঃ দিং দাবি ১৪৸/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৩৯ শতকের কাত ১৷০ আঃ ৫৲ খং ১৭০

৩১৮ খাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং হরেন্দ্রবালা বর্ম্মণ্যা দিং দাবি ৯৬/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর, রামেশ্বরপুর, রামদেবপুর ১৬-৭৬॥০ শতকের কাত নিজাংশে ১৩৶/১০ আঃ ৭৫৲ খং ৬৪৯

৩৫৯ খাং ডিঃ ঐ দেং ভুলুপদ রায় দিং দাবি ৫৮৸৶/৩ থানা ঐ মৌজে মিঠিপুর ৮৯ শতকের কাত নিজাংশে ১/৬ আঃ ১০৲ খং ১০২

৪০৪ খাং ডিঃ ঐ দেং আয়না বিবি দিং দাবি ৪০॥৶/০ থানা ঐ মৌজে রামদেবপুর ১৮ শতকের কাত ২৷৬ আঃ ৪৲ খং ১৭৫

৪৬৪ খাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং তিনকড়ি দাস দিং দাবি ৪৩৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-৪৬ শতকের কাত নিজাংশে ৫৷১০ আঃ ৩০৲ খং ৭৭৬

৬২৭ খাং ডিঃ ভূপেন্দ্রমোহন সরকার কমন ম্যানেজার দেং মতিউল্যা বিশ্বাস দাবি ৩০৸৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে নূতনগঞ্জ ১-৪০ শতকের কাত ৪/৬ আঃ ১৫৲ খং ১২০

৬২৯ খাং ডিঃ ঐ দেং হরিপদ সাহা দিং দাবি ৭২॥৯ মৌজাদি ঐ ৭-৪১ শতকের কাত ১০৷৮ আঃ ৪০৲ খং ১৭৫

৬৩০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩॥৶/৩ মৌজাদি ঐ ২৭ শতকের কাত ২॥৮ আঃ ১০৲ খং ১৮৫

৬৩২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৶৯ মৌজাদি ঐ ১-৩৬ শতকের কাত ৩৶/২ আঃ ১৫৲ খং ১৭৮

৬৩৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৸৯ মৌজাদি ঐ ১-১১ শতকের কাত ২৶৩ আঃ ৮৲ খং ৪৩৯

৬৩৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০॥৯ মৌজাদি ঐ ৪২ শতকের কাত ১৸৶/৬ আঃ ৮৲ খং ১৮৮

৬৩৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫/৩ মৌজাদি ঐ ১১ শতকের কাত ৸৵৯ আঃ ৪৲ খং ১৯৩

৬৪০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬॥৶/৯ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ১৶/০ আঃ ৫৲ খং ১৯১

৬৪১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪/৯ মৌজাদি ঐ ১৯ শতকের কাত ॥৶/৯ আঃ ৫৲ খং ১৯৫

৬২৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫১৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ৫-৮০ শতকের কাত ২৪৲ আঃ ৫০৲ খং ১০৪

৬২১ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং মহম্মদ আলী মণ্ডল দিং দাবি ১০৸৶/০ থানা স্থতী মৌজে নয়া বাহাদুরপুর /৪ কাঠার কাত ৷০ আঃ ৫৲

৬২২ খাং ডিঃ ঐ দেং মহম্মদ আলী বিশ্বাস দিং দাবি ৪৬৸৬ মৌজাদি ঐ ৩-২০ শতকের কাত ১৪৶৬ আঃ ৫০৲ খং ৪৬১

৬২৩ খাং ডিঃ ঐ দেং লাল মহম্মদ মণ্ডল দিং দাবি ৪২৸/৬ থানা স্থতী মৌজে শ্যামপুর ৩৸১॥০ বিঘার কাত ৫৷৶/৯ আঃ ৪০৲

৩৬৬ খাং ডিঃ সেঃ কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং স্বকুদ্দি সেখ দিং দাবি ৩৫॥/৬ থানা স্থতী মৌজে উমরাপুর ১০১ শতকের কাত ৩॥/৩ আঃ ১০৲ খং ১৩১২

৪৬৫ খাং ডিঃ ঐ দেং রাজেন্দ্রনাথ সাহা দাবি ২২৵৩ থানা স্থতী মৌজে উমরাপুর ৩-৪৭ শতকের কাত ১০৸০ আঃ ১৫৲ খং ১১৮৬

৪৪৭ খাং ডিঃ হাতিমন বেঙ্গানী দেং হরিণী দাসী দিং দাবি ২৬৶/৩ থানা স্থতী মৌজে ইচলিপাড়া ১৮ শতকের কাত ৩॥০ আঃ ৫৲ খং ১২১৯

৪৪৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৷৩ মৌজাদি ঐ ৩২ শতকের কাত ৩॥৩ আঃ ৮৲ খং ১২২০।১১৩৩

৪৪৯ খাং ডিঃ ফণিভূষণ সিংহ দিং দেং জাস্তির সেখ দাবি ৩৪৷/৩ থানা স্থতী মৌজে ইচলিপাড়া ২১ শতকের কাত ৪৸৵০ আঃ ১৫৲ খং ৫৫৩

৫৫ খাং ডিঃ ৺যোগেন্দ্রচন্দ্র খাঁর ট্রাষ্ট এষ্টেটের ট্রাষ্টি গণেশচন্দ্র খাঁ দিং দেং হরেন্দ্রচন্দ্র চৌধুরী দিং দাবি ৩৭৸৶/৬ থানা স্থতী মৌজে কালীনগর ৫১ শতকের কাত ৩৷৵১০ আঃ ১৫৲ খং ২০৪

৩৮৭ খাং ডিঃ বিবি জারিয়াতন নেসা দিং দেং এরফান আলি খাঁ দিং দাবি ১৭৮৸৶/০ থানা স্থতী মৌজে হারোয়া ১১-৯২ শতকের কাত ২৫৷৫ আঃ ২০৲ খং ৩১০

৩৮৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪০৸৶/৬ মৌজাদি ঐ ৮ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৯৩

৪৪০ খাং ডিঃ কালীপদ সিংহ দিং দেং শচীন্দ্র নাথ অধিকারী দিং দাবি ১৮৷৩ থানা স্থতী মৌজে হাপানিয়া ২॥১ কাঠার কাত ২৷৶/১৫ আঃ ১০৲ খং ১০৫

৪৪৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৶/৯ থানা স্থতী মৌজে মহেন্দ্রপুর ৷৩॥০ কাঠার কাত ৸৶/১৭ আঃ ৫৲ খং ৮২

৪৪৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৷৵০ মৌজাদি ঐ ।৩৷০ কাঠার কাত ।/১৯ আঃ ২৲ খং ৪৭

৪৪৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৻৬ থানা স্থতী মৌজে হাপানিয়া ২।৪ কাঠার কাত ১৸৶১০ আঃ ৫৲ খং ১৬৪

৪৪১ খাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনারায়ণ সিংহ দিং দাবি ২৫৸৵৯ মৌজাদি ঐ ৩/ বিঘার কাত ৩৷১৭৷ আঃ ২০৲ খং ৭০

৪৪৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪০৶৬ থানা স্থতী মৌজে দফাহাট ১-৩৩৷০ শতকের কাত ২৻৫ আঃ ১০৲ খং ৬৫১

৪৪২ খাং ডিঃ ঐ দেং কণিকারাণী দেবী দিং দাবি ২৩৪।৵৩ থানা স্থতী মৌজে দফাহাট ও হাপানিয়া ৪৮-৪০ শতকের কাত ৭০৷৶১০ আঃ ১০০৲ খং দফাহাট ২০৯, হাপানিয়া ১৭০

১২৫ খাং ডিঃ আচার্য্য চৌধুরী ওয়ার্ড ষ্টেট পক্ষে কালেক্টর অব মালদহ দেং আবদুল রাজ্জাক বিশ্বাস দাবি ১৮/৬ থানা স্থতী মৌজে নারায়ণপুর ১৷০৸০ বিঘার কাত ১৷৯ আঃ ৫৲ রায়ত স্থিতিবান।

১২৮ খাং ডিঃ ঐ দেং জয়নাল আবেদিন বিশ্বাস দিং দাবি ১৯/৬ মৌজাদি ঐ ৬/১৷ কাঠার কাত ১৵০ আঃ ৫৲ নদী মধ্যে থাকায় সেটেলমেণ্ট হয় নাই রায়ত স্থিতিবান।

১২৯ খাং ডিঃ ঐ দেং আফাজুদ্দিন মণ্ডল দিং দাবি ৩৯৷৯ মৌজাদি ঐ ৫/ বিঘার কাত ৫৲ আঃ ২০৲ রায়ত স্থিতিবান।

১২৭ খাং ডিঃ ঐ দেং কশিমুদ্দিন বিশ্বাস দিং দাবি ৭৯।০ মৌজাদি ঐ ১৫/ বিঘার কাত ১৫৲ আঃ ৫০৲ খং ৩৫০ দাগ নং ১৯৮।২২৭।২২৮

১১০ খাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং শশাঙ্ক শেখর দত্ত দিং দাবি ২২৷৵৩ থানা স্থতী মৌজে বংশবাটী ৩ শতকের কাত ৷০ আঃ ৫৲ খং ৩০০

৫৩১ খাং ডিঃ কণিকাকাণী দেবী দেং হীরেন্দ্র নারায়ণ সিংহ দাবি ৮৸/৩ থানা স্থতী মৌজে মাণিকপুর ১১ শতকের কাত ।০ আঃ ২৲ খং ১ রায়ত স্থিতিবান।

৫৩২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২।/৬ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৯৮ রায়ত স্থিতিবান।

৪৯২ খাং ডিঃ জিতেন্দ্রনারায়ণ সিংহ দেং শচীন্দ্র নাথ অধিকারী দিং দাবি ১৮৸/৯ থানা স্থতী মৌজে ভাবকী ৭০ শতকের কাত ১৸১০ আঃ ৭৲ খং ৩৮৮

রায়ত স্থিতিবান।

৪৯৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮/০ মৌজাদি ঐ ৫৫ শতকের কাত ১/৵৩ আঃ ৫৲ খং ৩৫৮ রায়ত স্থিতিবান।

৫২৮ খাং ডিঃ হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় দিং দেং সাহামত সেখ দিং দাবি ৩৫।/৯ থানা স্থতী মৌজে কালীনগর ও হিলোড়া ১-৩১ শতকের কাত ৬৲ আঃ ১০৲ খং ১২৫৮ ও ১২১ রায়ত স্থিতিবান।

৩৪ মনি ডিঃ মনমোহিনী দাসী দেং উপেন্দ্রনাথ দাস মৃতান্তে ওয়ারিশ কন্যা আমোদিনী দাসী দাবি ২৮৯।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর, জঙ্গিপুর মিউনিসিপালিটির ১নং ওয়ার্ডে ১ শতক জমা ২৲ আঃ ২৫৲ খং ৬৫৫ উক্ত জমির উপরিস্থিত করগেট টিনের চালা সহ দেওয়ালিয়া ঘর মায় কপাট চৌকাঠ জানালা ইত্যাদি সহ দখলকার বসত প্রজা।

৫৮২ খাং ডিঃ সেবাইত রাজা কমলারঞ্জন রায় দিং দেং হরি মাঝি দাবি ১৮৷৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বলরামবাটী ৫১ শতকের কাত ১৸০ আঃ ৫৲ খং ২৪৫

৫১০ খাং ডিঃ বিবি দেল আফরোজ খাতুন দেং খর্গেশ্বর মণ্ডল দাবি ১৪৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৩৩ শতকের কাত ২।০ আঃ ৫৲ খং ২০৪

৫১১ খাং ডিঃ ঐ দেং রাখাল মণ্ডল দিং দাবি ২৯।৯ মৌজাদি ঐ ৫৯ শতকের কাত ৭৷০ আঃ ১০৲ খং ৪২১

৫১২ খাং ডিঃ ঐ দেং নাথু মণ্ডল দাবি ৩৪/০ মৌজাদি ঐ ৫০ শতকের কাত ৯৸০ আঃ ১০৲ খং ৪৩১

৫৩৩ খাং ডিঃ বিবি সায়রা খাতুন দেং রজনী-কান্ত মণ্ডল দাবি ১৭।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কানুপুর ১-৪৫ শতকের কাত ১।৵১০ আঃ ৫৲ খং ৪২৮

৫৩৬ খাং ডিঃ ঐ দেং জাহান নেগার বিবি দাবি ১৮৷৶৩ মৌজাদি ঐ ৫ শতকের কাত ।/১০ আঃ ৫ খং ৪৭৩।২৭৭

১৭১ খাং ডিঃ গৌরীশঙ্কর সিংহ দিং দেং অসম্ভাবিনী দাসী দাবি ৬৮।৶৬ থানা স্থতী মৌজে সাদিকপুর ৬-৯৩ শতকের কাত ১৬৷৵১০৷ আঃ মূল্য ও খং নং দেওয়া নাই।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৯শে জানুয়ারী ১৯৫৩

১৯৫২ সালের ডিক্রীজারী

২৪৫ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং মহম্মদ ইউনুস বিশ্বাস দাবি ৫৫৵০ থানা সাগরদীঘি মৌজে একরখি ১-৭৫ শতকের কাত ৭৷/৬ পাই আঃ ৫০৲ খং ১৭৬ রায়ত স্থিতিবান।

৩৪৭ খাং ডিঃ ভূপেন্দ্রমোহন সরকার কমন ম্যানেজার দেং হরিপদ সাহা দিং দাবি ৪৬/৬ থানা সাগরদীঘি মৌজে ভুমিহর ১-৬৩ শতকের কাত ৬৷৶৩ আঃ ২৫৲ আঃ ২২৫

৩৫৫ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং দেবেন্দ্রনাথ সাহা দাবি ১২৸/৩ থানা সাগরদীঘি মৌজে রামনগর ৭ শতকের কাত ১/০ আঃ ৩৲ খং ১৭০ রায়ত স্থিতিবান।

৩৫৬ খাং ডিঃ ঐ দেং দেবেন্দ্রনাথ সাহা দিং দাবি ১২৸০ মৌজাদি ঐ ৬ শতকের কাত ১/০ আঃ ৩৲ খং ১৭১ রায়ত স্থিতিবান।

৩৫৭ খাং ডিঃ ঐ দেং কুসুমকুমারী দাস্যা দাবি ২১৸০ থানা সাগরদীঘি মৌজে দিয়ার বালাগাছি ২৯ শতকের কাত ২।৵৯ আঃ ১০৲ খং ৩৭ অধীনস্থ খং ৩২১ রায়ত স্থিতিবান।

৩৫৮ খাং ডিঃ ঐ দেং নিতাই মণ্ডল দিং দাবি ২৪৸৶৬ মৌজাদি ঐ ৬৬ শতকের কাত ৩৻৯ আঃ ১০৲ খং ৬১ রায়ত স্থিতিবান।

৩৫৯ খাং ডিঃ ঐ দেং পুলিন মণ্ডল দিং দাবি ২১।/৬ মৌজাদি ঐ ৯১ শতকের কাত ২৶৬ আঃ ১০৲ খং ১২৮ অধীনস্থ খং ৩৫৯ রায়ত স্থিতিবান

৩৬০ খাং ডিঃ ঐ দেং বোড়ন মণ্ডল দিং দাবি ২৯৵০ মৌজাদি ঐ ৪৮ শতকের কাত ৩৵৬ আঃ ১০৲ খং ১৬৮ রায়ত স্থিতিবান।

৩৬৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।৵০ মৌজাদি ঐ ২২ শতকের কাত ৷৶৬ আঃ ৪৲ খং ১৪২ রায়ত স্থিতিবান।

৩৬১ খাং ডিঃ ঐ দেং সেখ মহম্মদ বদিওজ্জমান দাবি ৩।৶৯ মৌজাদি ঐ ১-১০ শতকের কাত ৩৸৯ আঃ ১৫৲ খং ১২৯ রায়ত স্থিতিবান।

৩৬২ খাং ডিঃ ঐ দেং সর্ব্বেশ্বর মণ্ডল দাবি ২৮।৶০ মৌজাদি ঐ ১-১১ শতকের কাত ৩৷৵৯ আঃ ১৫৲ খং ১৯৯ রায়ত স্থিতিবান।

৩৬৩ খাং ডিঃ ঐ দেং পুলিন মণ্ডল দিং দাবি ৪০৶০ থানা সাগরদীঘি মৌজে কামরাপাড়া ১-২৮ শতকের কাত ৫।৶৬ আঃ ২৫৲ খং ২৩ রায়ত স্থিতিবান।

৩৬৭ খাং ডিঃ ঐ দেং হারুণ সেখ দাবি ১৫৷/৯ থানা ফরাক্কা মৌজে দোহিতপুর বীরকেন্দুয়া ৫৮ শতকের কাত ১৶২ আঃ ৫৲ খং ৪৪ রায়ত স্থিতিবান।

৩৬৬ খাং ডিঃ ঐ দেং দ্বিজেন্দ্রনাথ মিশ্র দিং দাবি ১১৸৵৩ থানা ঐ মৌজে বেওয়া ৩ শতকের কাত ৶০ আঃ ২৲ খং ৩৮৮ রায়ত স্থিতিবান।

৩৬৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৮৵০ থানা ফরাক্কা মৌজে শ্রীমন্তপুর ৩-১৭ শতকের কাত ৮৸/৫ আঃ ৩৫৲ খং ৩৩৪ রায়ত স্থিতিবান।